মাদকের আস্তানায় ইশরাকের অভিযান, আটক ৬



ছবি: সংগৃহীত

ঢাকা-৬ আসনকে মাদকমুক্ত করতে অভিযান অব্যাহত রাখার ঘোষণা দিয়েছেন মুক্তিযুদ্ধবিষয়ক প্রতিমন্ত্রী ও সংসদ সদস্য ইশরাক হোসেন। মাদক কারবারে যে দলের লোকই জড়িত থাকুক, কাউকে ছাড় দেওয়া হবে না বলে জানিয়েছেন তিনি।

মঙ্গলবার (১৭ অক্টোবর) গেন্ডারিয়া থানার ৪৫ নম্বর ওয়ার্ডে রেললাইনসংলগ্ন একটি বস্তিতে মাদকের আস্তানায় অভিযান চালান ইশরাক। এ সময় মাদক কারবারে জড়িত সন্দেহে ছয়জনকে আটক করা হয়।

অভিযানে এলাকাবাসীর উদ্দেশে প্রতিমন্ত্রী বলেন, মাদক কারবারিদের তাঁর এলাকায় জায়গা হবে না। নিজের দলের কেউ এ কারবারে জড়িত থাকলে তার শাস্তি আরও কঠোর হবে। মাদকের কারণে তরুণ সমাজ ক্ষতিগ্রস্ত হচ্ছে উল্লেখ করে তিনি জানান, গত ছয় মাস ধরে গোয়েন্দাদের মাধ্যমে এ বিষয়ে তথ্য সংগ্রহ করা হচ্ছে। মাদকবিরোধী অভিযানে এলাকাবাসীর সহযোগিতাও চান তিনি।

আটক ব্যক্তিদের উদ্দেশে ইশরাক বলেন, তাঁদের মারধর করতে নয়, আইনের আওতায় আনতেই অভিযান চালানো হয়েছে। তাঁদের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

গেন্ডারিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মনিরুজ্জামান মনির জানান, প্রতিমন্ত্রীর ফোন পেয়ে পুলিশ সদস্যরা ঘটনাস্থল থেকে ছয়জনকে থানায় নিয়ে আসেন। তাঁদের কাছ থেকে সাদা পাউডারজাতীয় পদার্থ পাওয়া গেছে। সেগুলো হেরোইন কি না, পরীক্ষার পর নিশ্চিত হওয়া যাবে।